



জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University

ফার্মেসি বিভাগের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের উদ্যোগে ৯ম ব্যাচের নবীনবরণ ও ১ম ব্যাচের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান ১৮ এপ্রিল-২০১৮, বুধবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

ফার্মেসি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আবু জাফর মোহাম্মদ রুহুল মোমেন-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন। এছাড়াও বক্তব্য প্রদান করেন মাইক্রোবায়োলজি বিভাগের অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া।

নবীনবরণ অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন ফার্মেসি বিভাগের প্রভাষক মোঃ রাজদৌলা রাফি। এসময় নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করা হয়। অনুষ্ঠানে বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।